**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-(অংশ-১)-৯০

তারিখ: ১১ মাঘ ১৪২৭
২৫ জানুয়ারি ২০২১

**বিষয়: তৃতীয় ধাপে পাবনা জেলার সুজানগর পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিনে সাধারণ ছুটি সংক্রান্ত বিশেষ নির্দেশনা**

সূত্র: ১। নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-১)-৪৩, তারিখ: ১১ জানুয়ারি ২০২১
২। নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২৪.২০ (অংশ-২)-৬০৯, তারিখ: ২৯ ডিসেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী **৩০ জানুয়ারি ২০২১** তারিখ শনিবার তৃতীয় ধাপের পৌরসভা সাধারণ নির্বাচনের সাথে পাবনা জেলার সুজানগর পৌরসভা সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে (সময়সূচির প্রজ্ঞাপন সংযুক্ত)। উক্ত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন সাধারণ ছুটির প্রয়োজন হবে না। তবে নির্বাচনি এলাকাধীন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও স্থাপনা ভোটকেন্দ্র হিসেবে ব্যবহার বা নির্বাচনি কার্যক্রমের জন্য নির্ধারিত রয়েছে, সেগুলো বন্ধ থাকবে। তাছাড়া সংশ্লিষ্ট নির্বাচনি এলাকাধীন স্বাস্থ্যসেবা ও শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল অফিস/সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত ভোটারদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দানের ব্যবস্থা করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হ'ল।

২৫/০১/২০২১

সংযুক্তি: বর্ণনামতে

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: যুগ্ম-সচিব (বিধি)]

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-১)-৪৩ তারিখ: ২৭ পৌষ ১৪২৭ / ১১ জানুয়ারি ২০২১

## প্রজ্ঞাপন

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-১)-৪৩।- স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা ২৯ ডিসেম্বর ২০২০ তারিখে জারীকৃত স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪. ৩৮.০২৪.২০(অংশ-২)-৬০৯ মূলে স্থগিতকৃত পাবনা জেলার সুজানগর পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে ব্যালট পেপারের মাধ্যমে নির্বাচন যে পর্যায় হতে স্থগিত করা হয়েছিল, সে পর্যায় হতে নিম্নের সময়সূচি অনুযায়ী সম্পন্নের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১৪ জানুয়ারি ২০২১ / ৩০ পৌষ ১৪২৭ | (বৃহস্পতিবার) |
| (খ) | **ভোটগ্রহণের তারিখ** | : | ৩০ জানুয়ারি ২০২১ / ১৬ মাঘ ১৪২৭ | **(শনিবার)** |
| **ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত** | | | | |

০২। সেই সাথে নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৭৪ তারিখ: ০২ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার এবং স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪. ৩৮.০২২.২০-৪৭৫ তারিখ: ০২ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ বহাল রাখারও সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

১১/০১/২০২১

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ২৫ (পঁচিশ) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

E:\2020-2021\Pourashava Election\1. Schidule\Schedule Sujanagar.doc

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০ (অংশ-১)-৪৩

তারিখ: ২৭ পৌষ ১৪২৭ / ১১ জানুয়ারি ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা

৪. সিনিয়র সচিব, ............................................... (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)

৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা

৬. সচিব, ............................................... (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)

৭. মহাপরিচালক, বিজিবি/ আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা

৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

৯. বিভাগীয় কমিশনার, রাজশাহী

১০. উপ-মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ

১১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা ( নির্বাচনের তারিখের সাথে সমন্বয় করে নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনাল গঠন ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)

১২. যুগ্মসচিব (নিঃব্যঃ ১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি জারি ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল]

১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৬. জেলা প্রশাসক, পাবনা ও আপিল কর্তৃপক্ষ [আচরণ বিধি প্রতিপালন নিশ্চিতকরণের জন্য মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখের পরের দিন হতে ভোটগ্রহণের তিনদিন পূর্ব পর্যন্ত প্রতি সংরক্ষিত ওয়ার্ডে ০১জন করে এবং আইনশৃঙ্খলা রক্ষা ও মোবাইল-স্ট্রাইকিং ফোর্সের সাথে দায়িত্ব পালনের জন্য ভোটগ্রহণের দুইদিন পূর্ব হতে ভোটগ্রহণের পরদিন পর্যন্ত প্রতি সাধারণ ওয়ার্ডের জন্য ০১জন করে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ করার অনুরোধ করা হলো।]

১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী

১৮. পুলিশ সুপার, পাবনা

১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২০. জেলা নির্বাচন অফিসার, পাবনা

২১. উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা ও রিটার্নিং অফিসার [১ম হতে ৪র্থ ধাপের *পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয় হতে জারীকৃত/জারীতব্য আদেশ-নির্দেশ, পরিপত্রের নির্দেশনা এবং আইন ও বিধি মোতাবেক নির্বাচন অনুষ্ঠান করার জন্য অনুরোধ করা হল। এছাড়া উক্ত নির্বাচন স্থগিতের পূর্বে যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছিল তাও অনুসরণ করতে হবে।* ]

২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পাবনা

২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৬. উপজেলা নির্বাচন অফিসার, সুজানগর, পাবনা ও সহকারী রিটার্নিং অফিসার

২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সুজানগর থানা, পাবনা।

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২৪.২০ (অংশ-২)-৬০৯

তারিখ: ১৪ পৌষ ১৪২৭ / ২৯ ডিসেম্বর ২০২০

**বিষয়: পাবনা জেলার সুজানগর পৌরসভা সাধারণ নির্বাচন, ২০২০ স্থগিতকরণঃ**

সূত্র: উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা এর স্মারক নং-০৫.৪৩.৭৬৮৩.০০০.৩৬.০০১.২০-১০৪৭ তারিখ-২২/১২/২০২০

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২য় ধাপে ১৬ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিতব্য পাবনা জেলার সুজানগর পৌরসভা সাধারণ নির্বাচন রিট পিটিশন নং-৮৬৩৬/২০২০ এবং ৯৬৪৪/২০২০ এ যথাক্রমে বিগত ১৪ ডিসেম্বর ২০২০ এবং ১৫ ডিসেম্বর ২০২০ তারিখের আদেশে মাননীয় হাইকোর্ট বিভাগ বিগত ০২ ডিসেম্বর ২০২০ তারিখে ঘোষিত তফসিলকে পরবর্তী ০৩(তিন) মাসের স্থগিতাদেশের প্রেক্ষিতে আইনগত বাধ্যবাধকতা থাকায় উক্ত পৌরসভার সাধারণ নির্বাচন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম স্থগিতের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক বিধি অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

২৯/১২/২০২০

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫২৫

উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা
ও
রিটার্নিং অফিসার, সুজানগর পৌরসভা সাধারণ নির্বাচন, ২০২০

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২৪.২০ (অংশ-২)-৬০৯

তারিখ: ১৪ পৌষ ১৪২৭ / ২৯ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। জেলা প্রশাসক, পাবনা
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৩। পুলিশ সুপার, পাবনা
৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, পাবনা
৫। মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৯/১২/২০২০

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা

E:\2020-2021\Pourashava Election\Other letter\Result Send চবৎসরং২রড়হ.ফড়প

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd